



সূত্র: মাভাবিপ্রবি/একা-ভেটে.এ্যানি.সায়েন্স অনুষদ(১০৬)/২০২৩/২০২০(১২)

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০
২৫ সেপ্টেম্বর ২০২৩

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এ বিশ্ববিদ্যালয়ে ভেটেরিনারি এন্ড এ্যানিমেল সায়েন্স অনুষদের অন্তর্ভুক্ত সিরাজগঞ্জ সরকারি ভেটেরিনারি কলেজের বিদ্যমান বিভাগসমূহের ২০২০-২০২১ শিক্ষাবর্ষের বিএসসি ভেট. সায়েন্স এন্ড এ এইচ স্নাতক শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের লেভেল-১, সেমিস্টার-১ ফাইনাল পরীক্ষা সম্পন্ন করার লক্ষ্যে নিম্নোক্ত ছকে উল্লিখিত ক্রেডিট ফি ও অন্যান্য খাতের ফিসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা-এর হিসাব নং STD-110000001-এ সরাসরি/অনলাইনে জমা প্রদান করে কোর্স রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করতে বলা হলো :

ছক

ক্রঃ নং	শিক্ষাবর্ষ	বর্ষ ও সেমিস্টার [স্নাতক (সম্মান) প্রোগ্রাম]	প্রতি ক্রেডিট আওয়ার ফি (টাকা)	অন্যান্য ফি (টাকা) (প্রতি সেমিস্টারের জন্য)	Backlog/Special কোর্স ফি (টাকা)
০১	২০২০-২১	লেভেল-১, সেমিস্টার-১	১১০/-	পরীক্ষার ফি ৫০০/-, ছোডশিট ফি ১০০/-	

ছকে উল্লিখিত ফিসমূহ জমা দেয়ার সময়সূচি :

ক) ২৬/০৯/২০২৩ তারিখ হতে ০৪/১০/২০২৩ তারিখ পর্যন্ত (বিলম্ব ফি ছাড়া)।

খ) ০৮/১০/২০২৩ তারিখ হতে ১১/১০/২০২৩ তারিখ পর্যন্ত (বিলম্ব ফিসহ)। বিলম্ব ফি : ১ম সপ্তাহ ২০০/-টাকা সহ পরবর্তী প্রতি সপ্তাহ ৫০/-টাকা হারে।

নির্দেশাবলি :

- ১) নির্ধারিত কোর্স রেজিস্ট্রেশন ফরম স্ব- স্ব হল অফিস ও বিশ্ববিদ্যালয় ওয়েব সাইটে (www.mbstu.ac.bd) পাওয়া যাবে।
- ২) কোর্স রেজিস্ট্রেশন ফরম নির্ভুলভাবে পূরণের পর বিভাগীয় চেয়ারম্যান ও হল প্রভোস্টের স্বাক্ষর নিয়ে ব্যাংকে টাকা জমা দানের রশিদসহ কোর্স রেজিস্ট্রেশন ফরমটি রেজিস্ট্রার অফিসের একাডেমিক শাখায় জমা দিতে হবে।
- ৩) কোর্স রেজিস্ট্রেশন ফরমে নির্ধারিত কোর্সসমূহ স্পষ্টভাবে লিখতে হবে এবং অনুমোদনের পর কোর্সের সংখ্যা/হাস/বৃদ্ধি করা অথবা অন্য কোনোরূপ সংশোধন করা যাবেনা। তবে, বিশেষ ক্ষেত্রে কর্তৃপক্ষের লিখিত অনুমতি গ্রহণ করে প্রয়োজনীয় সংশোধন করা যেতে পারে।
- ৪) রেজিস্ট্রেশন ফরম পূরণের সময় কোনো লেখা ঘষা-মাজা বা ওভাররাইটিং করা বা ফ্লুইড ব্যবহার করা যাবে না। তবে অনিবার্য ক্ষেত্রে সংশ্লিষ্ট স্থানে বিভাগীয় প্রধানের প্রতিস্বাক্ষর গ্রহণ করতে হবে।
- ৫) Re-Admission নেয়া শিক্ষার্থীদের কোর্স রেজিস্ট্রেশন ফরমের উপরে অবশ্যই 'Re-Ad:' লিখতে হবে।
- ৬) বিজ্ঞপ্তিতে কোনো প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনযোগ্য।

(ড. মোহা: তৌহিদুল ইসলাম)
রেজিস্ট্রার
মাভাবিপ্রবি।

বিতরণ : (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে লাগিয়ে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

- ০১। ডিন, ভেটেরিনারি এন্ড এ্যানিমেল সায়েন্স অনুষদ, মাভাবিপ্রবি।
- ০২। প্রভোস্ট, শেখ রাসেল হল/বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল মাভাবিপ্রবি।
- ০৩। অধ্যক্ষ, সিরাজগঞ্জ সরকারি ভেটেরিনারি কলেজ, সিরাজগঞ্জ।

অনুলিপি(জ্ঞাতার্থে/কার্যার্থে) : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। প্রক্টর, মাভাবিপ্রবি।
- ০২। পরিচালক, আইসিটিসেল (ওয়েব সাইট-এ প্রচারের অনুরোধসহ), মাভাবিপ্রবি।
- ০৩। পরিচালক, হিসাব (চলতি দায়িত্বে), মাভাবিপ্রবি।
- ০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাভাবিপ্রবি।
- ০৫। উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর অফিস, মাভাবিপ্রবি [ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ০৬। ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা, টাঙ্গাইল।
- ০৭। নথি।